



# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩ দারুস-সালাম, মিরপুর, ঢাকা।

ফ্যাক্স: ৯০৩৫০৫৭

www.hbri.gov.bd

স্মারক নং: ২৫.৪৪.২৬০০.০০০.১১.০১০.২২- ৩৩৫০

তারিখ : ১৪-০৬-২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের উদ্দেশ্য-কে সামনে রেখে ভূমিকম্প সহনশীল ও পরিবেশ বান্ধব নির্মাণ সামগ্রী তৈরিতে এইচবিআরআই ব্যাপক গবেষণা করে আসছে। এ উদ্দেশ্যকে সফল করা এবং প্রতিষ্ঠানের চলমান গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার জন্য এইচবিআরআই কিছু গবেষণামনা উদ্যমী, অভিজ্ঞ জনবল নিয়োগ দিতে যাচ্ছে। যারা গবেষণায় আগ্রহী তাদের জন্য এইচবিআরআই একটি উপযুক্ত গবেষণা প্রতিষ্ঠান। এখানে উল্লেখ্য যে, এইচবিআরআই তে গবেষণার জন্য রয়েছে সুন্দর পরিবেশ এবং বিভিন্ন রকমের সুযোগ সুবিধা। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০৪.০১৪.০০০০.০৫০.১৪.০৪-১৯২, তারিখ: ০৯-০৬-২০২২ এর প্রেক্ষিতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস-সালাম, মিরপুর, ঢাকায় নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমঃ	পদের নাম ও বেতনস্কেল ( জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন যোগ্য নহে
১।	রিসার্চ অফিসার/রিসার্চ ইঞ্জিনিয়ার (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার এন্ড কম্পিউটার ডিভিশন) ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)	২(দুই)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে স্নাতক ডিগ্রী। গৃহ নির্মাণ ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে গবেষণার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)	১(এক)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় বিভাগে পুরকৌশল বা মেকানিক্যাল প্রকৌশলে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।	ঐ
৩।	রিসার্চ এসিসটেন্ট (বিল্ডিং মেটেরিয়ালস ডিভিশন) ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	২(দুই)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/গণিত শাস্ত্র/পদার্থ বিদ্যাসহ অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।	সিরাজগঞ্জ, বগুড়া।

### শর্তসমূহঃ

১. কেবলমাত্র অনলাইনে <http://career.hbri.gov.bd> আবেদন করতে হবে। সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহন করা হবে না।
২. আবেদন ফি পদ অনুসারে অনলাইনে নগদ সেবার মাধ্যমে পরিশোধ করতে হবে।
৩. অনলাইনে আবেদনকালে প্রয়োজনীয় কাগজপত্রাদি, ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।
৪. এমসিকিউ (MCQ) ও লিখিত পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হবে। MCQ তে ন্যূনতম পাশ নম্বর থাকবে।
৫. প্রার্থীর বয়স ০১-০৬-২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।
৬. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও অন্যান্য কাগজের মূল কপি প্রদর্শন করতে হবে।
৭. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৮. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯. চাকুরিতে নিয়োগ লাভের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে এবং আবেদন বাতিল হবে।
১০. নিয়োগপত্র জারীর পরও স্বাস্থ্যগত পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনে কোন অসঙ্গতি থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
১১. আবেদন শুরুর তারিখ ২৬-০৬-২০২২। আবেদনের শেষ তারিখ ১৬-০৭-২০২২।
১২. পরীক্ষার প্রবেশপত্র [www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd) হতে অনলাইনে সংগ্রহ করতে হবে ১০ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে।
১৩. পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় প্রবেশপত্রে উল্লেখ করা থাকবে।

১৪/০৬/২২

(আহসান হাভিব)

প্রজেক্ট অফিসার (অঃদঃ)

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

ফোন: ৫৮০৫২৪০৪